

## ভাসানী বিশ্ববিদ্যালয়ে র্যাগ উৎসব শুরু

### টান্গাইল প্রতিনিধি

২০ নভেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ২০ নভেম্বর ২০১৯ ০০:৪৮

টান্গাইলের মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি

বিশ্ববিদ্যালয়ে ‘চিত্ত্ব হয়েছে মত্ত এবার, ১২ সেজেছে বৃত্ত’ স্লোগানে ২০১৪-১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ৩ দিনব্যাপী ‘শিক্ষা সমাপনী উৎসব’ (কেন্দ্রীয় র্যাগ ডে) শুরু হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. আলাউদ্দিন গতকাল সকাল ১০টায় প্রশাসনিক ভবনের সামনে কেক কেটে এ উৎসবের উদ্বোধন করেন। এর পর একটি আনন্দ শোভাযাত্রা পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে মুক্তমঞ্চের সামনে শেষ হয়। শোভাযাত্রায় বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, হল প্রভোস্ট, প্রক্টর, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী এবং সব বিভাগের ১২তম ব্যাচের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। উৎসবের প্রথম দিন আনন্দ শোভাযাত্রা, রঙখেলা, ফানুস ওড়ানো উৎসব হয়। আজ ২০ ও আগামীকাল ২১ নভেম্বর ২ দিনব্যাপী মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান হবে।

advertisement